



গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি



আজ (১৫ই মে, ২০২০ইং) কিছু পূর্বে ৫ম খলীফাতুল মসীহ্ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর পক্ষ থেকে একটি বাণী হযরত খলীফাতুল মসীহ্-এর একান্ত সচিব উপস্থাপন করেন যাহাতে সাম্প্রতিককালে পড়ে গিয়ে আঘাত পাওয়ার পর হযূর আকদাসের স্বাস্থ্যগত অবস্থা সম্পর্কে আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যবৃন্দকে অবহিত করা হয়।

আঘাতের কারণে হযূর আকদাস তাঁর সাপ্তাহিক জুমুআর খুতবা দিতে পারেননি, যা সাধারণত এমটিএ ইন্টারন্যাশনাল-এর মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়। হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.)-এর বাণীটি তাঁর একান্ত সচিব পড়ে শোনানোর পর, হযূর আকদাস-এর স্বাস্থ্য সম্পর্কিত একটি মেডিকেল রিপোর্টও পাঠ করা হয় এবং উভয়টিই এমটিএ ইন্টারন্যাশনাল-এ সম্প্রচারিত হয়।

আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যদের উদ্দেশ্যে তাঁর বাণীতে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমি দুঃখিত যে, আজ আমি জুমুআর খুতবা প্রদান করতে পারবো না। কেননা, কয়েক দিন পূর্বে আমার বাড়ির আঙ্গিনায় হাঁটার সময় একটি ম্যাটে হেঁচট খেয়ে আমি পড়ে যাই এবং শক্ত স্থানে পড়ে গিয়ে আমি নাকে ও কপালে বেশ আঘাতপ্রাপ্ত হই। এ কারণে জুমুআর খুতবা প্রদান করা কষ্টসাধ্য। উপরন্তু ডাক্তারও

কিছুটা বিশ্রামের পরামর্শ দিয়েছেন। দোয়া করুন আল্লাহ্ তা'লা যেন পূর্ণ আরোগ্য দান করেন, যাতে, আল্লাহ্ যদি চাহে, আগামী জুমুআয় খুতবা প্রদান করতে পারি।”

হুযূর আকদাস রমযানের বরকতমণ্ডিত মাসের শেষ দিনগুলোতে বিশ্বজুড়ে আহমদী মুসলমানদের কে বেশি বেশি দোয়া ও ইবাদত করার উপর গুরুত্ব আরোপ করেন।

হুযূর আকদাস, বিশেষ করে, পাকিস্তানে আহমদী মুসলমানরা যে নিপীড়নের শিকার হচ্ছেন তার উল্লেখ করেন এবং সেখানে সাম্প্রতিককালে কিভাবে আহমদী মুসলমানদের কে লক্ষ্য করে টেলিভিশন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘৃণা ও অপপ্রচার ছড়ানোর মাত্রা বেড়ে গেছে তা তুলে ধরেন।

তাঁর বাণীতে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“পাকিস্তানে আজকাল আহমদীয়া মুসলিম জামা'তের বিরোধিতা ও শত্রুতায় রাজনীতিবিদ ও মিডিয়া তাদের কর্মকাণ্ড অনেক জোরদার করেছে। তাঁরা আল্লাহ্ তা'লা ও তাঁর রসূল হযরত খাতামুল আখিরা মোহাম্মদুর রসূলুল্লাহ্ (সা.)-এর নামে রাজনীতির খেলায় মেতে উঠেছে। আহমদী মুসলমানদেরকে বিশেষভাবে এ বিরোধিতার লক্ষ্য ও শিকারে পরিণত করা হচ্ছে। আল্লাহ্ তা'লা পুরো দেশকে এবং আহমদীয়া মুসলিম জামা'তকে রাজনীতির এ সকল খেলার ক্ষতিকর পরিণামসমূহ থেকে নিরাপদ রাখুন।”

বাণীটির পরে আঘাতসমূহ সম্পর্কে একটি মেডিকাল রিপোর্ট উপস্থাপন করা হয়, যেখানে দৃষ্টি আকর্ষণ করা হয় যে, আল্লাহ্ তা'লার ফযলে হাঁটু এবং কপালে যে আঘাতসমূহ লেগেছে সেগুলো “সবই বাহ্যিক এবং কোন গভীর ক্ষত হয়নি”। রিপোর্ট অনুসারে পূর্ণ আরোগ্যের প্রত্যাশা করা হচ্ছে, এবং হুযূর আকদাস তেমন কোন বেদনা ছাড়াই চলাফেরা করতে পারছেন।

আল্লাহ্ তা'লা হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.)-কে পূর্ণ এবং শীঘ্র আরোগ্য দিন এবং তাঁকে দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য দান করুন। আমিন।